গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
www.companiganj.noakhali.gov.bd

# হাট- বাজার ইজারা বিজ্ঞপ্তি

নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলাধীন নিম্নবর্ণিত হাট বাজারসমূহ ১৪৩১ বাংলা সনের ১লা বৈশাখ হতে ৩০ শে চৈত্র মেয়াদে ১(এক) বছরের জন্য ইজারা প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরপত্র আহবান করা যাচ্ছে। হাট বাজারসমূহের তালিকা, সংশ্লিষ্ট ইউনিয়নের নাম, ইজারার জন্য সরকারি মূল্য এবং সিডিউল মূল্য নিম্নরূপ ঃ

| ক্রমনং | ইউনিয়নের নাম | হাট-বাজারের নাম | ইজারার জন্য সরকারি মূল্য | দরপত্র মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | ১নং সিরাজপুর ইউনিয়ন | পাটোয়ারী হাট | ২১,০০০/- | ৫০০/- |
| ০২ | ২নং চরপার্বতী ইউনিয়ন | চৌধুরী হাট | ৬,৬৪,০০০/- | ২০০০/- |
| ০৩ | | কদমতলা বাজার | ৪১,০০০/- | ৫০০/- |
| ০৪ | ৩নং চরহাজারী ইউনিয়ন | হাজারী হাট | ১,২০,০০০/- | ১০০০/- |
| ০৫ | | আবু মাঝির হাট | ৩৪,০০০/- | ৫০০/- |
| ০৬ | | শান্তির হাট | ৪৯,০০০/- | ৫০০/- |
| ০৭ | ৪নং চরকাঁকড়া ইউনিয়ন | পেশকার হাট ( রাস্তার মাথা সহ ) | ১,১৭,০০০/- | ১০০০/- |
| ০৮ | | নতুন বাজার | ১,৪২,০০০/- | ১০০০/- |
| ০৯ | | টেকের বাজার | ২,৩০০/- | ৫০০/- |
| ১০ | ৫নং চরফকিরা ইউনিয়ন | চাপরাশির হাট ( পূর্ব বাজার ) | ২,৭৯,০০০/- | ১২০০/- |
| ১১ | ৬নং রামপুর ইউনিয়ন | তালেব মোহাম্মদ হাট | ৮,৯১,০০০/- | ২৪০০/- |
| ১২ | | রংমালা বাজার | ৭২,০০০/- | ৫০০/- |
| ১৩ | | বাঞ্ছারাম বাজার | ৩,৯০০/- | ৫০০/- |
| ১৪ | ৭নং মুছাপুর ইউনিয়ন | থানার হাট | ১,৫০০/- | ৫০০/- |
| ১৫ | | বাংলা বাজার | ৫,৯০,০০০/- | ১৮০০/- |
| ১৬ | | মুছাপুর চৌধুরী বাজার | ১৭,০০০/- | ৫০০/- |
| ১৭ | ৮নং চরএলাহী ইউনিয়ন | চরএলাহী বাজার | ১,৮০,০০০/- | ১০০০/- |
| ১৮ | | গাংচিল বাজার | ১,০৮,০০০/- | ৫০০/- |

০২। সিডিউল প্রাপ্তির স্থান ঃ (ক) জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী এর স্থানীয় সরকার শাখা (খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কোম্পানীগঞ্জ, নোয়াখালী (গ) উপজেলা ভূমি অফিস, কোম্পানীগঞ্জ, নোয়াখালী ও (ঘ) সোনালী ব্যাংক লিঃ বসুরহাট শাখা, কোম্পানীগঞ্জ থানা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

০৩। সিডিউল দাখিল/ জমা দেওয়ার স্থান ঃ জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী এর স্থানীয় সরকার শাখা, পুলিশ সুপারের কার্যালয়, নোয়াখালী, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কোম্পানীগঞ্জ, নোয়াখালী ও উপজেলা ভূমি অফিস, কোম্পানীগঞ্জ, নোয়াখালী ।

০৪। সিডিউল ক্রয়, দাখিল ও খোলার সময় নিম্নরূপ ঃ

| বার | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় ( ছুটির দিন ব্যতীত) | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ, সময় ও স্থান |
|---|---|---|---|
| ১ম বার | ২০-০২-২০২৪ খ্রিঃ<br>সকাল ৯:০০ হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত | ২২-০২-২০২৪ খ্রিঃ<br>(সকাল ৯টা হতে দুপুর ১টা পর্যন্ত) | ২২-০২-২০২৪ খ্রিঃ বিকাল ৩:০০ ঘটিকা<br>(উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কোম্পানীগঞ্জ) |
| ২য় বার | ০৭-০৩-২০২৪ খ্রিঃ<br>সকাল ৯:০০ হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত | ১১-০৩-২০২৪ খ্রিঃ<br>(সকাল ৯টা হতে দুপুর ১টা পর্যন্ত) | ১১-০৩-২০২৪ খ্রিঃ, বিকাল ৩:০০ ঘটিকা<br>(উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কোম্পানীগঞ্জ) |
| ৩য় বার | ২৫-০৩-২০২৪ খ্রিঃ<br>সকাল ৯:০০ হতে বিকাল ৪:০০ টা পর্যন্ত | ২৭-০৩-২০২৪ খ্রিঃ<br>(সকাল ৯টা হতে দুপুর ১ টা পর্যন্ত) | ২৭-০৩-২০২৪ খ্রিঃ, বিকাল ৩:০০ ঘটিকা<br>(উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কোম্পানীগঞ্জ) |

শর্তাবলী ঃ

১। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট এর মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। ইজারা গ্রহীতাদের ক্ষেত্রে উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারাগ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বৎসর সমাপনান্তে জামানতের অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

২। যার দরপত্র 'দরপত্র মূল্যায়ন কমিটি' কর্তৃক গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭(সাত) কার্যদিবসের মধ্যে ইজারাদারকে দাখিলকৃতদরের অবশিষ্ট ৭৫% অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১৫% ভ্যাট ( মূল্য সংযোজন কর) এবং ১০% আয়করসহ অবশ্যই একই সঙ্গে সমুদয় টাকা পরিশোধ করতে হবে। অন্যথায় বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

CamScanner

৩। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সরকারি মূল্য হতে কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে। দ্বিতীয়বার দরপত্র আহবান সত্ত্বেও যদি প্রাপ্ত সর্বোচ্চ দর সরকারি মূল্য হতে কম হয় তাহলে ৩য় বারে উক্ত হাট-বাজার ইজারা প্রদানের নিমিত্ত দরপত্র ফরম বিক্রয় করা হবে।

৪। এক বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র দাখিলের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভুক্ত বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৫। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৬। সরকার অনুমোদিত টোল রেইট মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট টাংগাইয়া প্রচার করবেন।

৭। প্রত্যেক বাজারের জন্য পৃথক খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতিপৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৮। ইজারা গ্রহীতা কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলিয়া গণ্য হবে।

৯। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩(তিন) কার্যদিবসের মধ্যে ২৫০/- নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ইজারা গ্রহীতা কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করতে হবে।

১০। দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১১। ইজারাদার নিজ খরচে বাজার পরিষ্কার পরিচ্ছন্ন রাখবেন ।

১২। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।

১৩। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৪। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলিয়া গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।

১৫। চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।

১৬। দরপত্র বাক্স খোলার সময়ে দরপত্রদাতাকে অবশ্যই উপস্থিত থাকতে হবে।

১৭। উপরোক্ত শর্তাবলীর কোনটির ব্যত্যয় ঘটলে বিধি মোতাবেক ইজারা বাতিল বা প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৮। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

05/02/24

মো: আনোয়ার হোসাইন পাটোয়ারী
উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, নোয়াখালী
ফোন ঃ ০২৩৩৪৪-৯৪২০৪
E-mail unocompaniganjnoakhali@mopa.gov.bd

স্মারক নম্বর ঃ ০৫.৪২.৭৫২১.০০০.১৯.০০৫.২৩- ১৭৭

তারিখ ঃ ২৩ মাঘ ১৪৩০ । ০৬ ফেব্রুয়ারি ২০২৪

অনুলিপি ঃ সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

০১। জেলা প্রশাসক, নোয়াখালী।

০২। পুলিশ সুপার, নোয়াখালী।

০৩। জেলা তথ্য অফিসার, নোয়াখালী। বিষয়টি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।

০৪। সহকারী কমিশনার (ভূমি), কোম্পানীগঞ্জ, নোয়াখালী - তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে দেওয়ার জন্য এবং অধীনস্থ অফিসের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

০৫। অফিসার ইন-চার্জ, কোম্পানীগঞ্জ থানা, কোম্পানীগঞ্জ নোয়াখালী- (ইজারা/দরপত্র দাখিল ও খোলার সময় প্রয়োজনীয় পুলিশ ফোর্স মোতায়েনের জন্য অনুরোধ করা হলো)।

০৬। উপজেলা -------------------কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী - তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

০৭। সহকারী প্রোগ্রামার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী। বিজ্ঞপ্তিটি উপজেলা ওয়েবপোর্টালে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৮। সম্পাদক/ বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক ------------------------------------------। উপরোক্ত বিজ্ঞাপনটি আপনার পত্রিকায় আগামী -------------------------- তারিখ (৮ইঞ্চি×৫ ইঞ্চি সাইজে) প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

০৯। চেয়ারম্যান, ...........................(সকল) ইউপি, কোম্পানীগঞ্জ, নোয়াখালী -তাঁর ইউনিয়নের আওতাধীন বাজার সমূহে ঢোলসহরতের মাধ্যমে ব্যাপক প্রচার ও নোটিশ বোর্ডে টাঙ্গিয়ে দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

১০। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, .......................পৌর/ইউনিয়ন ভূমি অফিস, কোম্পানীগঞ্জ, নোয়াখালী। তার আওতাধীন বাজার সমূহে ঢোল সহরত ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারক্রমে জারীর প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

১১। সভাপতি/সম্পাদক -------------------------------- হাট- বাজার ব্যবস্থাপনা কমিটি, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

১২। জনাব -------------------------- ইজারাদার, -----------------------------------বাজার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

06/02/24

উপজেলা নির্বাহী অফিসার
কোম্পানীগঞ্জ, নোয়াখালী

CamScanner